Birla White

ADITYA BIRLA
UltraTech

# ইন্টিরিয়র হোক বা এক্সটিরিয়রই হোক, টেক্সচার হামেশা সুপিরিয়র !

সাশ্রয়ী | মাল্টিকালার ফ্রিডম | মাল্টিপিল ডিজাইন




20kg এবং 25kg তে পাওয়া যাচ্ছে




# ট্রোওয়েল ফিনিশ

বিড়লা হোয়াইট টেক্সচার ট্রোওয়েল ফিনিশকে রাস্টিক ফিনিশও বলা হয়ে থাকে, এটি এমন একটি মজবুত ফিনিশ দেয় যা বাইরের দেওয়ালের জন্য আদর্শগতভাবে উপযুক্ত। এর বিশেষ ফরমুলেশন একে আবহাওয়ার খারাপ প্রভাব থেকে নিরাপদ রাখে। আপনি আপনার বাড়িতে সহজেই একটি আন্তর্জাতিক আবেদন ফুটিয়ে তুলতে চাইলে এর বিভিন্ন শেড এবং টেক্সচার থেকে রং বেছে নিতে পারেন। ট্রোওয়েল ফিনিশটি ফিনিশ কংক্রীট থেকে সিমেন্ট প্লাস্টারের উপর লাগানো যায়, আর যেহেতু এটি জল প্রতিরোধ করে তাই আপনি এটি স্যাঁতস্যাঁতে দেওয়ালেও লাগাতে পারেন। এতে আঠালো শক্তি থাকার ফলে এটি সিমেন্ট ভিত্তিক হওয়া সত্ত্বেও কিউরিং ছাড়াই কাজ করে। আপনি আপনার বাইরের দেওয়ালের জন্য আদর্শ একটি ফিনিশ পাবেন।

## প্রযুক্তিগত পরামিতি

| ক্র সং. | প্রযুক্তিগত পরামিতি | বিশেষ বিবরণ | টেস্ট পদ্ধতি |
|---|---|---|---|
| 1 | *কভারেজ (Sq.m/kg/coat) [আদর্শ মসৃণ সারফেসের উপর] | 0.33-0.42 | বাড়ির ভেতরে |
| 2 | পট লাইফ (ঘন্টা) | 1.5 - 2.0 | বাড়ির ভেতরে |
| 3 | টেনসিল স্ট্রেঙ্থ @28 দিন (N/mm2) | ≥0.5 | EN 1348 |
| 4 | ওয়াটার ক্যাপিলারি অ্যাবজর্পশন (মিলি.), 30 মিন. @28 দিন | ≤0.60 | কারস্টেন টিউব |
| 5 | থোক ঘনত্ব (g/cm3) | 1.3 - 1.7 | বাড়ির ভেতরে |

* এই মানটি মসৃণ সারফেসের উপর, যদিও এটি সারফেসের টেক্সচার অনুযায়ী পরিবর্তিত হতে পারে।

## লাগানোর প্রক্রিয়া:

**1. সারফেস প্রস্তুতকরণ:**

- উপযুক্ত শিরিষ কাগজ, পুট্টি ব্লেড বা তারের ব্রাশ দিয়ে সারফেসের উপরিভাগে আলগাভাবে লেগে থাকা ধুলো, নোংরা এবং তেলের মত উপাদানগুলো পরিষ্কার করুন।
- ট্রোয়েল ফিনিশ লাগানোর আগে সারফেসের উপরে থাকা গর্ত, টোল,ফাটল থাকলে সেগুলি মেরামত করতে হবে।

**2. আগে থেকে সারফেস ভিজিয়ে রাখা:**

সেরা মসৃণতা, কর্মক্ষমতা, কভারেজ এবং লাগানো উপাদানটি থেকে উচ্চ বন্ধন শক্তি পেতে কংক্রীট বা প্লাস্টারের উপরে ''ট্রোয়েল ফিনিশ'' লাগানোর আগে সারফেস ভিজিয়ে নেওয়া জরুরী।

**a. মিশ্রণের অনুপাত:**

একসমান পেস্ট বানাতে 22 থেকে 25% পরিষ্কার জলে মেশান যার ফলে আরও বেশি কভারেজ এবং একসমান মসৃণ শেড পাওয়া যাবে। জলে মেশানোর 1-2 ঘন্টার মধ্যে যতটা পরিমাণ ব্যবহার করা যাবে ঠিক ততটা মিশ্রণই তৈরি করুন।

**b. লাগানোর প্রক্রিয়া**

- উপাদানটি 2-3 মিমি ঘন করে লাগান এবং সমান সারফেসের জন্য অতিরিক্ত উপাদান বের করে দিন।
- সারফেসটি 5-10 মিনিট শুকোতে দিন।
- ডিজাইন বানাতে ফাইবারের ট্রোয়েল ব্যবহার করুন।



**লাগানোর প্রক্রিয়া**

ডিজাইন বানাতে ফাইবারের ট্রোয়েল ব্যবহার করুন।






ভার্টিকাল টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি লম্বালম্বিভাবে উপর থেকে নীচ পর্যন্ত টানুন।

**ভার্টিকাল ফিনিশ**
**BWTF1001**





ক্রস টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি তেরছা ভাবে বাঁ দিক থেকে ডান দিক পর্যন্ত টানুন।

**ক্রস ফিনিশ**
**BWTF1002**





প্লাস-মাইনাস টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি লম্বালম্বিভাবে উপর থেকে নীচ পর্যন্ত টানুন এবং আড়াআড়িভাবে বাঁ দিক থেকে ডান দিক পর্যন্ত টানুন।

**প্লাস-মাইনাস ফিনিশ**
**BWTF1003**






রেইন ফল টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি তেরছাভাবে উপর থেকে নীচে ডান দিক থেকে বাঁ দিকে টানুন।

**রেইন ফল ফিনিশ**
**BWTF1004**





হরাইজোন্টাল টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি লম্বালম্বিভাবে ডান থেকে বাঁ দিকে অথবা বাঁ থেকে ডান দিকে টানুন।

**হরাইজোন্টাল ফিনিশ**
**BWTF1005**





সোয়ার্লি টেক্সচার্ড ফিনিশ পেতে ফাইবারের ট্রোয়েলটি এলোপাথাড়িভাবে গোল গোল করে ঘোরান অথবা ঘূর্ণিপাকের মত করে ঘোরান।

**সোয়ার্লি ফিনিশ**
**BWTF1006**

- এর উপরে রং বা ডিস্টেম্পার লাগানের আগে সারফেসটি শুকোতে 10-12 ঘন্টা সময় দিন।
- ফাইনাল ফিনিশ পেতে উপরে ছবিতে যেমন ভাবে দেখানো হয়েছে সেই ভাবে রং লাগান অথবা আপনার পছন্দ অনুযায়ী যে কোনো রং বেছে নিন।




# রোলার/স্প্রে ফিনিশ

বিড়লা হোয়াইট টেক্সচার স্প্রে বা রোলার ফিনিশ হল একটি সূক্ষ্ম এবং মনমুগ্ধকর ফিনিশ যা ইন্টিরিয়রের জন্য আদর্শ। এটি আপনার দেওয়ালকে এত মার্জিত করে তোলে যে পুরো ঘরটি একটি আকর্ষণীয় পেন্টিংয়ের মত সৌন্দর্য আকর্ষণ করে। আপনার ঘরের দেওয়ালে মনের মত লুক দিতে আপনি বিভিন্ন রং, শেড এবং সুপার স্মুদ ফিনিশ হিসাবে ব্যবহার করতে পারেন। এই ফিনিশটি স্যাঁতস্যাঁতে দেওয়ালেও লাগানো যেতে পারে। আর, অন্যান্য অ্যাক্রেলিক ভিত্তিক প্রোডাক্ট থেকে আলাদা, রোলার ফিনিশে আছে অতিরিক্ত আঠালো শক্তি যা আবহাওয়ার প্রভাবকে প্রতিরোধ করে। এর সাথে, যদিও এটি সিমেন্ট ভিত্তিক, তাই এটি কিউরিং করার প্রয়োজন হয়না।

## প্রযুক্তিগত পরামিতি

| ক্র সং. | প্রযুক্তিগত পরামিতি | বিশেষ বিবরণ | টেস্ট পদ্ধতি |
|---|---|---|---|
| 1 | *কভারেজ (Sq.m/kg/coat) [আদর্শ মসৃণ সারফেসের উপর] | ডিজাইনার রোলার ফিনিশ: 0.56-0.3<br>স্পঞ্জ রোলার ফিনিশ: 0.74-1.1<br>স্প্রে ফিনিশ: 1.34-1.86 | বাড়ির ভেতরে |
| 2 | পট লাইফ (ঘন্টা) | 1.5 - 2.0 | বাড়ির ভেতরে |
| 3 | টেনসিল স্ট্রেন্থ @28 দিন (N/mm2) | ≥0.5 | EN 1348 |
| 4 | ওয়াটার ক্যাপিলারি অ্যাবজর্পশন (মিলি.), 30 মিন. @28 দিন | ≤0.60 | কারস্টেন টিউব |
| 5 | থোক ঘনত্ব (g/cm3) | 0.9 - 1.1 | বাড়ির ভেতরে |

* এই মানটি মসৃণ সারফেসের উপর, যদিও এটি সারফেসের টেক্সচার অনুযায়ী পরিবর্তিত হতে পারে।

## লাগানোর প্রক্রিয়া:

### 1. সারফেস প্রস্তুতকরণ:

- উপযুক্ত শিরিষ কাগজ, পুট্টি ব্লেড বা তারের ব্রাশ দিয়ে সারফেসের উপরিভাগে আলগাভাবে লেগে থাকা ধুলো, নোংরা এবং তেলের মত উপদানগুলো পরিষ্কার করুন।
- টেক্সচুরা রোলার / স্প্রে ফিনিশ লাগানোর আগে সারফেসের উপরে থাকা গর্ত, টোল, ফাটল থাকলে সেগুলি মেরামত করতে হবে।

### 2. আগে থেকে সারফেস ভিজিয়ে রাখা:

সেরা মসৃণতা, কর্মক্ষমতা, কভারেজ এবং লাগানো উপাদানটি থেকে উচ্চ বন্ধন শক্তি পেতে কংক্রীট বা প্লাস্টারের উপরে ''টেক্সচুরা রোলার ফিনিশ'' লাগানোর আগে সারফেস ভিজিয়ে নেওয়া জরুরী।

### 3. ''টেক্সচুরা রোলার ফিনিশ এবং স্প্রে ফিনিশ'' মেশানো

আলাদা আলাদা ফিনিশের জন্য দেওয়া জলের অনুপাত অনুযায়ী একসমান পেস্ট বানাতে টেক্সচুরা-আরএফ ভালভাবে মেশান যার ফলে আরও বেশি কভারেজ এবং একসমান মসৃণ শেড পাওয়া যাবে। জলে মেশানোর 1-2 ঘন্টার মধ্যে যতটা পরিমাণ ব্যবহার করা যাবে ঠিক ততটা মিশ্রণই তৈরি করুন।

## স্পঞ্জ রোলার



হানিকোম্ব ফিনিশ
BWRF3004



- 40-45% জল মেশান।
- 40-45% জলের অনুপাত অনুযায়ী একসমান পেস্ট বানাতে টেক্সচুরা-আরএফ ভালভাবে মেশান, যার ফলে আরও বেশি কভারেজ এবং একসমান মসৃণ শেড পাওয়া যাবে।
- স্পঞ্জ রোলারটি পরিষ্কার জলে ভিজিয়ে তৈরি করা পেস্টে ডোবান এবং প্রত্যাশিত প্যাটার্ন পেতে দেওয়ালের উপরে সরাসরি লাগান।
- প্রত্যাশিত প্যাটার্ন পেতে বারবার সারফেসের উপরে সরাসরি স্পঞ্জ রোলারটি লাগান।
- এর উপরে রং বা ডিস্টেম্পার লাগানের আগে সারফেসটি শুকোতে 10-12 ঘন্টা সময় দিন।
- ফাইনাল ফিনিশ পেতে অফ হোয়াইট রংটি লাগান (ঠবিতে যেমন দেখানো হয়েছে) অথবা আপনার যে কোনো পছন্দের রং লাগান।



## ডিজাইনার রবারের রোলার





**অ্যালিগেটর ফিনিশ**
**BWRF3001**





**সীমলেশ সার্কেল ফিনিশ**
**BWRF3002**






**উড গ্রেন ফিনিশ**
**BWRF3003**

- 32-36% জলের অনুপাত অনুযায়ী একসমান পেস্ট বানাতে টেক্সচুরা-আরএফ ভালভাবে মেশান, যার ফলে আরও বেশি কভারেজ এবং একসমান মসৃণ শেড পাওয়া যাবে।
- রোলারের উপর ভিত্তি করে প্রস্তুত করা সারফেসের উপর উপাদানটি ট্রোয়েল দিয়ে 1-3 মিমি ঘন করে লাগান।
- একসমান সারফেস এবং ডিজাইনের আরও ভাল স্বচ্ছতা পেতে ট্রোয়েল ব্যবহার করে লাগানো উপাদানটিকে লেভেল করুন।
- রোলারটি সহজে চালানোর জন্য সারফেসটি শুকোতে (আধা-শুকোতে) কমপক্ষে 5-10 মিনিট সময় দিন।
- ডিজাইনার রোলারটি পরিষ্কার জলে ভিজিয়ে প্রত্যাশিত ডিজাইন অনুযায়ী লাগানো সারফেসের উপর ব্যবহার করুন।
- সিমলেস সার্কেল রোলার, উডগ্রেইন ফিনিশ রোলার, অ্যালিগেটর ফিনিশ রোলার (ছবিতে যেমন দেখানো হয়েছে) অথবা বাজারে উপলব্ধ যেকোনো পছন্দের রোলার বেছে নিন।
- এর উপরে রং বা ডিস্টেম্পার লাগানের আগে সারফেসটি শুকোতে 10-12 ঘন্টা সময় দিন।
- ফাইনাল ফিনিশ পেতে আপনার পছন্দের যে কোনো রং লাগান।

## স্প্রে ফিনিশ



বাবল স্প্রে ফিনিশ
**BWSF2001**

- ব্রাশ বা ফ্ল্যাট রোলার ব্যবহার করে 1 কোট বিড়লা হোয়াইট প্রাইমার লাগান।
- বেস কোট হিসাবে ব্রাশ বা রোলার দিয়ে প্রাইমারের উপরে যে কোনো কালার স্টেইনার (ছবিতে যেমন নীল রং আছে) দিয়ে 1 কোট টেক্সচুরা আরএফ উপাদান (45-50% জলের সাথে মেশান) লাগান।
- বেস কোট সারফেস শুকোতে 3-4 ঘন্টা সময় দিন।
- 42-50% জল মিশিয়ে বিড়লা হোয়াইট স্প্রে ফিনিশ টেক্সচুরা উপাদান তৈরি করুন এবং গ্রাহকের পছন্দ অনুযায়ী (ছবিতে যেমন হলুদ রং আছে) তৈরি করা উপাদানের মধ্যে ইচ্ছে মতো কালার স্টেইনার মেশান (সমানভাবে মেশান)।
- সমানভাবে মেশানোর পরে, একসমান এবং প্রত্যাশিত ডিজাইন পেতে এয়ারলেস স্প্রে গান দিয়ে উপর থেকে নীচ পর্যন্ত উপাদানটি স্প্রে করুন।
- সারফেস শুকোতে 10-12 ঘন্টা সময় দিন।
- পণ্যের স্থায়িত্ব, ঔজ্জ্বল্য বাড়াতে এবং যে কোনো ধরনের ক্ষতি থেকে দীর্ঘ সময় সুরক্ষিত রাখতে স্বচ্ছ সিলিকন কোটিং (সুরক্ষা কোট)লাগাতে পারেন।



অরেঞ্জ পীল ফিনিশ
**BWSF2002**

- ব্রাশ বা ফ্ল্যাট রোলার ব্যবহার করে 1 কোট বিড়লা হোয়াইট প্রাইমার লাগান।
- ব্রাশ বা রোলার ব্যবহার করে এর উপর 1 কোট টেক্সচুরা আরএফ উপাদান (45-50% জলে) লাগান।
- বেস কোট সারফেস শুকোতে 3-4 ঘন্টা সময় দিন।
- 42-50% জল মিশিয়ে বিড়লা হোয়াইট স্প্রে ফিনিশ টেক্সচুরা উপাদান তৈরি করুন।
- সমানভাবে মেশানোর পরে, একসমান এবং প্রত্যাশিত ডিজাইন পেতে (যেমন এয়ার বাবল ডিজাইন) এয়ারলেস স্প্রে গান দিয়ে উপর থেকে নীচ পর্যন্ত উপাদানটি স্প্রে করুন।
- অরেঞ্জ পীল ফিনিশ পেতে সারফেসের উপর লাগানো বাবলগুলিতে ট্রোয়েল দিয়ে চাপ দিন।
- কোনো রং বা ডিস্টেম্পার লাগানোর আগে সারফেস শুকোতে 10-12 ঘন্টা সময় দিন।
- ফাইনাল ফিনিশ পেতে সারফেসের উপরে একটি মেটালিক সিলভার কালার (ছবিতে যেমন দেখানো হয়েছে) অথবা যে কোনো পছন্দের রং লাগান।
- পণ্যের স্থায়িত্ব, ঔজ্জ্বল্য বাড়াতে এবং যে কোনো ধরনের ক্ষতি থেকে দীর্ঘ সময় সুরক্ষিত রাখতে স্বচ্ছ সিলিকন কোটিং (সুরক্ষা কোট) লাগাতে পারেন।

## সতর্কতা:

- শুধুমাত্র এমন সারফেসে ব্যবহার করুন যা ফাটলহীন,পরিষ্কার, শুকনো এবং যে কোনো চলটা বা নোংরা-ময়লা থেকে মুক্ত, যা এই প্রোডাক্টটির সারফেসের সাথে আটকে রাখবার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। বেশি আর্দ্র বা বেশি যানবাহনযুক্ত এলাকায় সিমেন্ট ভিত্তিক সীলার ব্যবহারের সুপারিশ করা হয়।
- ব্যাগ থেকে টেক্সচার উপাদানটি নেবার আগে সবসময় ব্যাগটি ভালভাবে ঝাঁকান।
- উপাদানটি দ্রুত শুকিয়ে যাওয়া এড়াতে লাগানোর আগে ভালভাবে ভিজিয়ে নেওয়া আবশ্যক।
- যখন চারপাশের তাপমাত্রা 10° C-র কম হয় বা লাগানোর 4 ঘন্টার মধ্যে তাপমাত্রা এই স্তরে নেমে যাওয়ার প্রত্যাশা করা হয় তখন এটি লাগাবেন না।
- মিশ্রণটি পাতলা করা উচিত নয়। শুধুমাত্র 60 মিনিটের মধ্যে ব্যবহার করা যেতে পারে এতটা পরিমাণ মিশ্রণ প্রস্তুত করা উচিত।
- দীর্ঘ সময় ধরে উপাদানটি খোলা রাখবেন না।
- এই প্রোডাক্টটি অনবরত জল চুঁইয়ে পড়া বা স্যাঁতস্যাঁতে থাকা সারফেস বা স্তরে লাগানো যাবে না।
- ব্যবহারের আগে ভালভাবে নাড়ুন।

## নিরাপত্তা গ্রহণ:

- বিড়লা হোয়াইট টেক্সচার - টিএফ এবং টেক্সচার আরএফ / এসএফ-এর প্যাকেট একটি শুকনো জায়গাতে শিশুদের নাগালের বাইরে রাখুন।
- গিলে ফেললে ক্ষতিকারক হতে পারে। খেয়ে ফেললে অবিলম্বে চিকিৎসা পরামর্শ নিন।
- লাগানোর সময় চোখ সুরক্ষাকারী সরঞ্জাম পরুন।
- চোখে লাগলে,সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণ জলের ঝাপটা দিয়ে চোখ ধুয়ে ফেলুন এবং চিকিৎসা পরামর্শ নিন। ত্বকে লাগলে, সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণ জল এবং সাবান দিয়ে ধুয়ে ফেলুন।
- প্রদাহ হলে বা বা জ্বালা করলে সেটি বিদ্যমান থাকলে চিকিৎসা পরামর্শ নিন। ভাপ বা স্প্রে নাকে টানবেন না।
- দেওয়ালের বালি ঘষার সময় এবং সারফেস প্রস্তুত করার সময় নাকে ধূলো প্রবেশ করা এড়াতে উপযুক্ত নোজ প্যাড ব্যবহারের সুপারিশ করা হয়।



Birla White
Textura

**বিড়লা হোয়াইট - আল্ট্রা টেক সিমেন্ট লিমিটেডের একটি ইউনিট**

9ম তল, বিড়লা সেঞ্চুরিয়ান,পান্ডুরঙ্গা বুধকর মার্গ, ওরলি, মুম্বাই – 400030

টেলিফোন বোর্ড নং: 022- 68540444 / 50365111

ওয়েবসাইট : www.birlawhite.com | টোল ফ্রি নং. 1800 11 1717

www.facebook.com/BirlaWhiteCement | twitter.com/BirlaWhite

**এখানে স্ক্যান করুন**

